# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের পদ্ধতি

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(২৭) ফজর ছালাতের পর ১৯ বার ‘বিসমিল্লাহ’ বলা

(২৭) ফজর ছালাতের পর ১৯ বার ‘বিসমিল্লাহ’ বলা :

উক্ত মর্মে ছহীহ বা যঈফ সূত্রে রাসূলুল্লাহ (ছাঃ) থেকে কোন হাদীছ পাওয়া যায় না। তবে ‘বিসমিল্লা-হ’-এর ফযীলত বিষয়ে আব্দুল্লাহ ইবনু মাসঊদ (রাঃ) থেকে একটি বক্তব্য এসেছে- ‘যে ব্যক্তি ইচ্ছা পোষণ করে যে, আযাবের ১৯ জন ফেরেশতা হতে আল্লাহ তাকে পরিত্রাণ দেবেন, সে যেন ‘বিসমিল্লা-হির রহমান-নির রহীম’ পড়ে’। কারণ ‘বিসমিল্লা-হ’-তে ১৯টি বর্ণ রয়েছে। আর প্রতিটি বর্ণ তার জন্য ঢাল স্বরূপ এবং উক্ত বর্ণ তাকে আযাবের ১৯ জন ফেরেশতা হতে বাঁচাবে’। কিন্তু উক্ত বর্ণনার ছহীহ কোন ভিত্তি নেই। ইবনু আত্বিয়াহ বলেন, هَذَا مِنْ مُلَحِ التَّفْسِيْرِ ‘এগুলো চটকদার তাফসীরের অন্তর্ভুক্ত’।[1]

## ফুটনোট

[1]. তাফসীরে কুরতুবী ১/৯২ পৃঃ, ‘বিসমিল্লাহ’ অনুচ্ছেদ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1945

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন